দৈনিক ইনকিলাব

তারিখ ...... পৃষ্ঠা ...... কলাম ......

AUG 21 2002



*ইনকিলাব ঃ গতকাল (মঙ্গলবার) বাড্ডার একটি স্কুলের এক ছাত্রী অপহরণের ঘটনার পর স্কুলের ছাত্র-ছাত্রী ও এলাকাবাসী প্রতিবাদে সড়ক অবরোধ করে। প্রগতি সরণিতে প্রায় ৩ ঘণ্টা যানবাহন চলাচল বিঘ্নিত হয়।*

# বাড্ডায় স্কুলছাত্রী অপহরণের পর উদ্ধার সড়ক অবরোধ □ ৩ ব্যক্তি গ্রেফতার

**স্টাফ রিপোর্টার ঃ** গতকাল (মঙ্গলবার) দুপুরে রাজধানীর বাড্ডা থানা এলাকার এক স্কুলছাত্রীকে অপহরণ করে নিয়ে যায় ৩ ব্যক্তি। ঘটনার পরপরই স্কুলের ছাত্র-ছাত্রী ও স্থানীয় লোকজন ছাত্রী উদ্ধারের দাবীতে রাস্তায় নেমে এসে প্রগতি সরণিতে অবরোধ সৃষ্টি করে। বেলা ১২টা থেকে ৩টা পর্যন্ত প্রগতি সরণিতে যানবাহন চলাচল বন্ধ থাকে। যানজট দেখা দেয় নিউ এয়ারপোর্ট রোডেও। পুলিশের টনক নড়ে। খবর হয়ে যায় সর্বত্র। দুপুরেই অপহৃতা হালিমা আক্তার মৌরি উদ্ধার হয় নারায়ণগঞ্জের রূপগঞ্জ থেকে। পুলিশ এ ঘটনায় জড়িত জহির (২৫), মাইক্রোবাস চালক বাচ্চু ও ইকবাল নামের এক ব্যক্তিকে গ্রেফতার এবং অপহরণের কাজে ব্যবহৃত সবুজ রঙের মাইক্রোবাসটি (নং-ঢাকা মেট্রো-চ-১১-০৫৫০) আটক করেছে।

গতকাল (মঙ্গলবার) বেলা ১২টায় কুড়িল বিশ্বরোডের ক/১৪৬/৩ নং হোল্ডিংয়ের হাজী শরা[illegible] আলীর কন্যা বাড্ডা শেরেবাংলা [illegible] হাই স্কুলের নবম শ্রেণীর ছাত্রী [illegible]মা আক্তার মৌরিকে স্কুলের সম্মুখ থেকে একটি সবুজ মাইক্রোবাসে করে অপহরণ করে নিয়ে যায় চালকসহ ৩ ব্যক্তি। এ দৃশ্য দেখে স্কুলের আশপাশের অনেকেই। খবর চলে যায় স্কুলে। সঙ্গে সঙ্গে স্কুলের ছাত্র-ছাত্রীরা রাস্তায় নেমে আসে। রাস্তায় অবরোধের কারণে যানবাহন চলাচল বন্ধ হয়ে গেলে পুলিশের টনক নড়ে। খবর ছড়িয়ে পড়ে বেতারযন্ত্রের মাধ্যমে। এদিকে বাড্ডা থানা পুলিশ মৌরিকে উদ্ধারের আশ্বাস দিলেও বিকেল ৩টা পর্যন্ত অবরোধ চলে। যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। বিকেল ৩টায় রূপগঞ্জে ছাত্রী

৫-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## অপহরণের পর উদ্ধার

প্রথম পৃষ্ঠার পর

উদ্ধার ও ৩ জন আটকের খবর পাওয়ার পর অবরোধ তুলে নেয়া হয়।

এদিকে অপহরণকারীরা মাইক্রোবাসযোগে রূপগঞ্জের বেলদী বাজারে গিয়ে পৌছলে গাড়ীটি খারাপ হয়ে যায়। এ সময় মৌরি তাকে অপহরণের কথা বললে বাজারের লোকজন জহির, বাচ্চু ও ইকবালকে আটক করে। এরই মধ্যে পুলিশ এলে তারা ঢাকায় অপহৃত স্কুলছাত্রীর ব্যাপারে নিশ্চিত হয়। বাড্ডা থানাকে ঘটনা জানায়। সন্ধ্যায় অপহরণকারীদের ঢাকায় নিয়ে আসা হয়। বাড্ডা থানা পুলিশ জানিয়েছে, জহির নামের এক ব্যক্তির সাথে মৌরির জানাশোনা ছিল। ঘটনাটি অপহরণ নাও হতে পারে। তবে রূপগঞ্জে মৌরির ভাষ্য অনুযায়ী তাকে অপহরণ করা হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ইকবাল নামের একজনকে পুলিশ ছেড়ে দিয়েছে বলে জানা গেছে।